ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




ROSEDIN ● Vol. - 1 ● Issue - 80 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২৩৬ ● কলকাতা ● ১৩ ভাদ্র, ১৪৩২ ● শনিবার ● ৩০ আগস্ট ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা


পর্ব 43

## হিমালয়ের সমর্পণ যোগ



কারণ মালিকের গ্রহণ করার ক্ষমতা নেই, তাই ঐ ভূমির মালিক নিজের জমি থেকেও গ্রহণ করতে পারবে না। আর যখন ভূমির মালিক গ্রহণ করছে না, আগে ভূমি নিজে তো কিছু দিতে পারে না, যতক্ষণ অতিরিক্ত গ্রহণকারী না মেলে। সেইজন্য ধ্যান সাধনা করবার সময় 'স্থানের' উপর সর্বদা মনোযোগ দিতে হবে। সব জায়গা ধ্যান করবার উপযোগী হয় না। অনেক জায়গায় বসে করা ধ্যান সাধকের পক্ষে হানিকারক হতে পারে।" "খারাপ কাজ মানুষ নিজের স্বার্থের জন্য করে, কিন্তু খারাপ কাজের জন্য ঐ মানুষ তো খারাপ হয়ই, সে ঐ স্থানকেও খারাপ করে দেয় যে স্থানে বসে সে এই খারাপ কাজ করেছে।

ক্রমশঃ

# CEO দফতরে সর্বদলীয় বৈঠকের মাঝেই লাগল বাকবিতণ্ডা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে সময় মেনেই যেন মিটল সর্বদলীয় বৈঠক। সকাল থেকে ভোটার সমীক্ষা, নির্বাচনী প্রস্তুতির মতো নানা সম্ভবনা নিয়ে আলোচনা হলেও বৈঠকের অভিমুখ থেকে ভোটার পুনর্বিন্যাসের মধ্যে দিয়ে বুথ বৃদ্ধিতেই। এদিনের আলোচনায় অংশগ্রহণ করেছিল রাজ্যের শাসক থেকে বিরোধী শিবির। এদিনের বৈঠকের সময় কংগ্রেসকে দেখা গিয়েছিল SIR-বিরোধী পোস্টার হাতে প্রবেশ করতে। যা অবশ্য অরূপ দেখেননি বলেই দাবি করেছেন। তাঁর কথায়, "আমরা প্রথম সারির দল তো প্রথমেই বসি, পিছনে কী হয় জানি না।" এই বৈঠকে SIR নিয়ে কোনও আলোচনা হয়নি। বৈঠকের অভিমুখ সেদিকেও ছিল না বলে দাবি অরূপের। তবে বৈঠক শেষে S I R বিরোধিতায় বজায় থেকেছে। তাঁর সাফ কথা, "বাংলায় SIR হবে না।"গলায় 'নো SIR' পোস্টার ঝুলিয়ে গিয়েছিলেন কংগ্রেস প্রতিনিধিরা। তৃণমূলের তরফে শুক্রের বৈঠকে উপস্থিত ছিলেন মন্ত্রী অরূপ বিশ্বাস, পুলক রায় ও সাংসদ পার্থ ভৌমিক। বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে অরূপ বিশ্বাস বলেন,

এরপর ৩ পাতায়







# ১, ২ এবং ৪ তারিখ হবে বিধানসভা অধিবেশন - আস্তিন গোটাচ্ছে তৃণমূল ও বিজেপি



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা**

এবার উত্তপ্ত হতে চলেছে বিধানসভা অধিবেশন। বিধানসভা সূত্রে জানা যাচ্ছে, আগামী সপ্তাহে অর্থাৎ সেপ্টেম্বরের ১, ২ ও ৪ তারিখ বসবে অধিবেশন। সূত্রের খবর, এই বিশেষ অধিবেশনে 'বাঙালি হেনস্থা' নিয়ে নিন্দাপ্রস্তাব আনা হতে পারে। এছাড়া, SIR-এর প্রতিবাদ ও অপরাজিতা বিল নিয়ে আলোচনার সম্ভাবনা। বর্তমান পরিস্থিতিতে, 'বাঙালি হেনস্থা' নিয়ে প্রস্তাব এনে আলোচনা করতে চায় রাজ্য সরকার। আলোচনায় অংশ নেবেন তৃণমূল এবং বিজেপির বিধায়করা। সেই উদ্দেশে আগামী সপ্তাহে অর্থাৎ, সেপ্টেম্বরের ১ তারিখ থেকে তিনদিনের জন্য বিধানসভায় বিশেষ অধিবেশন বসছে। স্বাভাবিক কারণেই এই অধিবেশ বেশ উত্তপ্ত হবে, তা সহজেই অনুমেয়।

SIR-এর বিরোধিতায় যেমন দিল্লিতে প্রতিবাদ সংঘটিত করছে তৃণমূল, তেমনই বিধানসভাতেও এনিয়ে প্রতিবাদ জানানো হবে এই বিশেষ অধিবেশনে। বিধানসভায় বাঙালি হেনস্থা ইস্যুতে নিন্দা প্রস্তাব আসার সম্ভাবনা। এছাড়া, অপরাজিতা বিল ফেরত পাঠানো নিয়েও আলোচনা হতে পারে। ১ তারিখ শোকপ্রস্তাব পেশের পরে মুলতুবি। ২ ও ৪ তারিখ আলোচনা হবে, এমনটাই পরিষদীয় দফতর সূত্রে খবর। বেশ কিছু সময় ধরে ভিনরাজ্যে বাঙালি পরিযায়ী শ্রমিকদের উপর অত্যাচারের ঘটনা সামনে এসেছে। বাংলায় কথা বললেই তাদেরকে বাংলাদেশি তকমা দিয়ে জেলে ঢুকিয়ে দেওয়া অভিযোগ উঠেছে। দিল্লি পুলিশ বাংলাভাষা না বলে বাংলাদেশি ভাষা বলে বিতর্ক তৈরী করেছে।

## তৃণমূল বিধায়ক অতীন ঘোষের বাড়িতে হানা দিয়েছে সিবিআই



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা**

কলকাতা পুরনিগমের ডেপুটি মেয়র তথা তৃণমূল বিধায়ক অতীন ঘোষের বাড়িতে হানা দিয়েছে সিবিআই। খবরটা সামনে আসার পর থেকেই চাপাউতোর তৈরি হয়েছিল রাজনৈতিক মহলে। সূত্রের খবর, প্রায় আড়াই ঘন্টার বেশি সময় তাঁকে জিজ্ঞাসাবাদ করে কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার অফিসাররা। অতীন যদিও বলছেন আরজি করের দুর্নীতি মামলায় সাক্ষী হিসাবে তাঁর কাছে নোটিস

এরপর ৪ পাতায়

# স্বাস্থ্যকেন্দ্রের জন্য বরাদ্দ ১কোটি ৪২লক্ষ টাকা

**হরেকৃষ্ণ মন্ডল,ফালাকাটা**

চালু হতে চলেছে দশ শয্যার অন্তর্বিভাগ।

আলিপুরদুয়ার ১নং ব্লকের একেবারেই প্রান্তিক এলাকা শালকুমারহাট। এখানে শালকুমার ১ নং গ্রাম পঞ্চায়েতের কালীবাড়িতে অবস্থিত মুন্সিপাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। এই স্বাস্থ্যকেন্দ্রটি ১৯৬২সালে স্থাপিত হয়। তবে শুরু থেকে এখনও পর্যন্ত এই স্বাস্থ্যকেন্দ্রে শুধু বহির্বিভাগ চালু আছে। অর্থাৎ দিনেরবেলা কয়েক ঘন্টা পরিষেবা পান এলাকাবাসী। তাই দীর্ঘদিন থেকে এখানে দিন রাত ২৪ঘন্টা পরিষেবা চালুর দাবি ওঠে। অবশেষে সেই দাবি পূরণ হতে চলেছে। এই স্বাস্থ্যকেন্দ্রের জন্য রাজ্য স্বাস্থ্য দপ্তর ১কোটি ৪২লক্ষ টাকা বরাদ্দ করেছে। বৃহস্পতিবার এই খুশির বিষয়টি নিয়েই




স্বাস্থ্যকেন্দ্রের সামনে প্রকাশ্য আলোচনা সভা করে রোগী কল্যাণ সমিতি। সেখানে রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান ভরত চন্দ্র রায় জানান,জঙ্গল লাগোয়া এলাকার মানুষ এতদিন রাতে হঠাৎ কেউ অসুস্থ হলে ফালাকাটা বা আলিপুরদুয়ার নিয়ে যেতে হত। সেই ভোগান্তি এবার দূর হতে চলেছে। এক কোটি ৪২লক্ষ টাকায় বিল্ডিং তৈরি হলেই দশ বেডের পরিষেবা চালু হবে। ১৯৬২সালে এই স্বাস্থ্যকেন্দ্রের জন্য ৬বিঘা জমি দান করেছিলেন মণিরাম কার্জি। এদিন তার ছেলে সুবল কার্জি উপস্থিত ছিলেন। এতদিনে বাবার স্বপ্ন পূরণ হতে চলেছে বলে সুবল কার্জি সভায় জানান। তৃণমূলের শালকুমার ১ অঞ্চল সভাপতি এজন্য মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় ও বিধান সুমন কাঞ্জিলালকে ধন্যবাদ জানান।






(১ম পাতার পর)

# CEO দফতরে সর্বদলীয় বৈঠকের মাঝেই লাগল বাকবিতণ্ডা

"আগে একটা বুথে ১৫০০ জনের বেশি ভোটার ভোট দিতে পারতেন। কিন্তু কমিশনের নয়া নিয়ম অনুযায়ী, এবার থেকে প্রতি বুথে ১২০০ জন ভোটার থাকবেন। আর যারা বাড়তি তাদের নিয়ে আলাদা বুথ তৈরি হবে। আমাদের এই নিয়মে কোনও আপত্তি নেই। শুধু একটা বক্তব্য, ভোটারের ভোট কেন্দ্র যেন তার বাড়ির কাছে হয়। কমিশন যেন কোনও উপায়ে ভোট কমানোর চেষ্টা না করে।" তবে বৈঠক যতটা শান্তিপূর্ণ হওয়ার কথা, ততটা কিন্তু মোটেই হয়নি। তৃণমূলের মুখে থেকেছে 'অসন্তুষ্টি'। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরবালের দফতরে রুদ্ধদ্বার সর্বদলীয় বৈঠক চলাকালীন বাইরে থেকে বাকবিতণ্ডার শব্দ পাওয়া যায়। বৈঠকের মাঝেই কি তা হলে কথা কাটাকাটিতে জড়িয়ে পড়েছিল রাজনৈতিক দলগুলি? এই প্রশ্ন করা হয়েছিল অরূপ বিশ্বাসকেও। তিনি বলেন, "আমরা যখন কমিশনের কাছে আসি, তখন মানুষের কথা বলতে আসি। কিন্তু কেউ কেউ নিজেদের দলের কথা বলতে আসেন। নির্বাচন কমিশনের কাছে আমাদের সাফ দাবি, তারা অন্তত নিরপেক্ষতাটা বজায় রাখুক।" অর্থাৎ, বিবাদ স্পষ্ট। কিন্তু কারণ খানিক আধারে।

# শমীকের সঙ্গে সাক্ষাৎ রোশন গিরিদের - উত্তরবঙ্গ নিয়ে কি নতুন কোনো বার্তা আস্তে চলেছে

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



**কলকাতা:-** আসন্ন বিধানসভা নির্বাচনাকে সামনে রেখে পাহাড়ে এক নতুন রসায়ন তৈরী হতে চলেছে। গোর্খা মুক্তি মোর্চা আরো অনেকটা কাছে চলে আসলো বিজেপির। বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যর সঙ্গে দেখা করলেন গোর্খা জনমুক্তি মোর্চার রোশন গিরি। বুধবার সন্ধেয় সল্টলেকে বিজেপি দপ্তরেই হাজির হন রোশন-সহ গোর্খা জনমুক্তি মোর্চার আরও অনেকে। ছাব্বিশের বিধানসভা ভোটের আগে গোর্খা জনমুক্তি মোর্চা যে ফের বিজেপির সঙ্গে কথাবার্তা শুরু করেছে তা আগেই প্রকাশ্যে এসেছিল।গত ৩১ জুলাই নিজাম প্যালেসে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর সঙ্গে দেখা করেছিলেন গোর্খা জনমুক্তি মোর্চার সুপ্রিমো বিমল গুরুং এবং তাঁর সঙ্গে ছিলেন রোশন গিরিও।

নির্বাচনের আগে বিমল-রোশনের সঙ্গে শুভেন্দুর সেদিনের বৈঠক যথেষ্ট তাৎপর্যপূর্ণ ছিল। আর এদিন পার্টি অফিসে শমীকের সঙ্গে বেশ কিছুক্ষণ বৈঠক করেন রোশন গিরি-সহ মোর্চার আরও কয়েকজন। শমীককে পাহাড়ে যাওয়ার আমন্ত্রণও রোশন এদিন করেছেন। বিধানসভা ভোটের আগে পাহাড়ে গোর্খা জনমুক্তি মোর্চা ও বিজেপির বন্ধুত্ব ক্রমশ গাঢ় হচ্ছে বলেই মনে করা হচ্ছে। স্বভাবিক কারণেই ভাঁজ পড়েছে মমতা অভিষেকের কপালে। তৃণমূলও নতুন শক্তি নিয়ে পাহাড়ে ঝাঁপিয়ে পড়তে প্রস্তুত।

সূত্রের খবর, বিজেপি চেষ্টা করছে ছাব্বিশের বিধানসভা ভোটকে সামনে রেখে পাহাড়-সহ ডুয়ার্সে বিমল গুরুংদের ব্যবহার করতে। কারণ, ডুয়ার্স-সহ চা বলয়ে অনেকটাই জমি হারিয়ে ফেলেছে গেরুয়া শিবির। গত লোকসভা ভোটে প্রকাশ্যেই বিজেপির প্রার্থী রাজু বিস্তার পক্ষে প্রচারে নেমেছিলেন বিমলরা। বর্তমানে আবার কার্শিয়াঙের দলীয় বিধায়ক বিধায়ক বিষ্ণুপ্রসাদ শর্মার সঙ্গে বিজেপির সম্পর্ক এই মুহূর্তে মসৃণ নয়। এই পরিস্থিতিতে প্রথমে শুভেন্দু ও বুধবার শমীকের সঙ্গে দুই মোর্চা নেতার বৈঠক ইঙ্গিতবাহী বলে মনে করা হচ্ছে। ওদিকে পাহাড় নিয়ে খুবই চিন্তিত মুখ্যমন্ত্রী। তাই তিনি বার বার উত্তরবঙ্গ সফর করেছেন। এখন দেখার শেষ পর্যন্ত কোথাকার জল কোথায় গড়ায়!!

# গাড়ির তেলের ট্যাঙ্করে পাচার হচ্ছিলো রুপোর গয়না




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**উত্তর ২৪ পরগনা:-**চোর যত স্মার্ট হচ্ছে পুলিশও ততোই সচেতন হচ্ছে। এখন আর অত সহজে বিদেশ থেমে সোনা, রুপো পাচার করা যাচ্ছে না। এমনই পাচার করতে গিয়ে স্বরূপনগর সীমান্তে বি এস এফের হাতে ধরা পরে গেলো চোরা চালানকারী। ঘটনাটি উত্তর ২৪ পরগনা জেলার বসিরহাট মহাকুমার স্বরূপনগর থানার বিথারী-হাকিমপুর গ্রাম পঞ্চায়েতের ভারত-বাংলাদেশ সীমান্তে ফের এক চাঞ্চল্যকর ঘটনা। গাড়ির তেলের ট্যাঙ্কিকে ভাঁড়ার বানিয়ে রুপোর গয়না পাচারের চেষ্টা ব্যর্থ করল সীমান্ত রক্ষী বাহিনী। বিএসএফ সূত্রে জানা যায় , এদিন গভীর রাতে সন্দেহজনকভাবে একটি চারচাকা গাড়ি সীমান্তের দিকে এগোচ্ছিল। সেই সময় বিএসএফের ১৪৩ নম্বর ব্যাটেলিয়নের টহলরত জওয়ানরা গাড়িটি আটক করে তল্লাশি চালান। তল্লাশিতে বেরিয়ে আসে অবিশ্বাস্য তথ্য—গাড়ির তেলের ট্যাঙ্কির ভেতরে লুকিয়ে রাখা হয়েছিল বিপুল পরিমাণ রুপোর গয়না।

উদ্ধার হওয়া গয়নার ওজন প্রায় ২৭ কিলো ৩৭২ গ্রাম, বাজারমূল্য আনুমানিক ২৭ লক্ষ ৩৭ হাজার টাকা। জেরার মুখে ধৃত পাচারকারী স্বীকার করেছে , বাংলাদেশে পাচারের উদ্দেশে এই অভিনব কায়দায় গয়না বহন করছিল সে। ঘটনার পর উদ্ধার হওয়া গাড়ি, গয়না ও ধৃত পাচারকারীকে তেঁতুলিয়া শুল্ক দফতরের হাতে তুলে দিয়েছে বিএসএফ।

## সম্পাদকীয়

# ট্রাম্পকে রুখতে ভারতকে পাশে চাই

ডোনাল্ড ট্রাম্পের শুল্কবোমার মোকাবিলায় কাছাকাছি আসছে ভারত-চিন। রবিবার চিন সফরে যাবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বৈঠক করবেন চিনা প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে। এহেন পরিস্থিতিতে জানা গিয়েছে, ট্রাম্পের শুল্কনীতি ঘোষণার পরেই রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে চিঠি লিখেছিলেন জিনপিং।এহেন পরিস্থিতিতে ভারতের উপর আছড়ে পড়ে ট্রাম্পের ৫০ শতাংশ শুল্ক। ভারতের পাশে দাঁড়িয়ে এই শুল্কনীতির নিন্দা করেছে চিন। তারপরেই ভারত-চিন সম্পর্ক ফের জোড়া লাগতে শুরু করে। ট্রাম্পের শুল্কনীতিকে ভোঁতা করে দিতে দুই দেশের বাণিজ্যের পরিমাণ বাড়তে চলেছে। সাত বছর পর চিনে পা রাখছেন মোদি স্বয়ং। তবে চিনের গতিবিধি একেবারেই সন্দেহের ঊর্ধ্বে নয় বলে মনে করছেন বিশেষজ্ঞরা। ভারতের সঙ্গে চলা দ্বন্দ্ব দূরে সরিয়ে আমেরিকাকে টক্কর দিতে নয়াদিল্লিকে পাশে চায় বেজিং। রাজনৈতিক মহলের দাবি, সেই লক্ষ্যেই আপাতভাবে দুই দেশের কূটনৈতিক বিরোধ দূরে সরিয়ে রাখতে আগ্রহী চিন।তাঁর সেই বার্তার পরই ভারত-চিন দ্বিপাক্ষিক সম্পর্কে ব্যাপক উন্নতি হয়েছে।

বিখ্যাত সংবাদমাধ্যম ব্লুমবার্গ সূত্রে খবর, রাষ্ট্রপতিকে পাঠানো চিঠির বার্তা পৌঁছে দেওয়া হয় মোদির কাছে। চিঠিতে চিনা প্রেসিডেন্ট লেখেন, চিনের পক্ষে ক্ষতিকারক এমন চুক্তিতে যদি ভারত-আমেরিকা রাজি হয়, তাহলে সেই বিষয়টি বেজিংয়ের পক্ষে খুবই উদ্বেগের। বিশ্লেষকদের মতে, জল মাপতেই এই চিঠি লিখেছিলেন জিনপিং। কারণ সেসময়ে বাণিজ্য চুক্তি করতে চেয়ে আমেরিকার সঙ্গে জোরকদমে আলোচনা চালাচ্ছে ভারত। প্রায় চূড়ান্ত হয়ে গিয়েছে চুক্তি, এমনটা দাবি করেন ট্রাম্প নিজেও। কিন্তু জিনপিংয়ের এই চিঠির সময় থেকেই ভারত-পাক সংঘর্ষবিরতির কৃতিত্ব দাবি করতে শুরু করেন মার্কিন প্রেসিডেন্ট। সেই বিষয়টিও চিঠিতে উল্লেখ করেন চিনা প্রেসিডেন্ট। তারপর থেকেই ধীরে ধীরে ভারত-চিন সম্পর্কের বরফ গলতে শুরু করে। বিমান পরিষেবা শুরু, রপ্তানিতে ছাড়পত্রের মতো বিষয়গুলি নিয়ে অবস্থান কিছুটা বদলায় দুই দেশ। 'হাতি-ড্রাগনের নাচ' শব্দবন্ধও বারবার মনে করিয়ে দেয় চিন।

# আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(ষষ্ঠ পর্ব)



দেহকে ৫১টি অংশে বিভক্ত করলেন। পার্বতীর শরীরের এই অংশ যেখানে পড়েছে সেখানেই একটি সতীপীঠ গড়ে উঠেছে। কালীঘাট নামে। সেই পৌরাণিক ইতিহাসের কথা তুলে ধরতে গেলে বলতে হয়, ব্রিটিশ আমলে অনেক ইংরেজ এই মন্দিরে এসে পুজা দিলেও অনেকেই আবার একে নেটিভ ইন্ডিয়ানদের বুজরুকি বলেই মনে করতেন। প্রচলিত এক গল্পে শোনা যায়, একবার এক ইংরেজ রাজ-কর্মচারী কালীঘাটের এক ব্রাহ্মনকে বললেন, তোমাদের দেবী যদি এতই জাগ্রত হন তাহলে লোহার পুতুল বলি দাও। একসময় কালীঘাটে প্রচুর

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

# তৃণমূল বিধায়ক অতীন ঘোষের বাড়িতে হানা দিয়েছে সিবিআই

পাঠায় সিবিআই। সিবিআই বেরিয়ে যেতেই সাংবাদিকদেরও মুখোমুখি হন অতীন। স্পষ্ট বলেন, "আমার বাড়িতে সিবিআই এসেছে বলে আমার কোনও ক্ষেদ নেই। কারণ আমার রাজনৈতিক চরিত্র কী আপনারা সবাই জানেন। ১৫ বছর ধরে কলকাতা পুরনিগমে হেলথ সামলাচ্ছি।আমার বিরুদ্ধে কেউ কখনও আঙুল তুলতে পারেনি।" ঠিক এরপরেই ওদের সংযোজন, "ওদের যে কোনও উদ্দেশ্যই থাকুক আমি তাতে কিছু মনে করি না। কারণ আমি জানি আমার এতে কোনও ভূমিকা নেই।" এর কিছু সময় পরে ফের মুখোমুখি হন টিভি৯ বাংলার। বলেন, "কোনও জিজ্ঞাসাবাদ হয়নি। ওরা কিছু প্রশ্নমালা সাজিয়েছে। আমি উত্তর দিয়েছি। আরজি করের রোগী কল্যাণ সমিতির সদস্য ছিলাম বলেই আমাকে ডেকেছে। লোকাল বিধায়ক হিসাবে পদাধিকার বলে আমি ওখানকার মেম্বার ছিলাম। এখনও সরকার আবার আমাকে সদস্য করেছে। সরকারি প্রতিনিধি করেছেন। এখন প্রিন্সিপাল, এমএসভিপি-র মিটিংয়েও তো আমাকে যেতে হয়।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

"হেরুক।। বৌদ্ধ দেবসঙ্ঘে হেরুক একজন অতি জনপ্রিয় ও শক্তিশালী দেবতা। ইঁহার জন্য পৃথক তন্ত্র রচিত হইয়াছিল। হেরুকের অনেক প্রকারের মূর্তি কল্পিত হইয়াছিল।

ক্রমশঃ


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# দ্রুপদীকে জিনপিংয়ের গোপনপত্র, নতুন মোড়ে ভারত-চীন সম্পর্ক

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বাণিজ্য যুদ্ধই ভারতের সঙ্গে চীনের সম্পর্ক ঘনিষ্ঠ হওয়ার কারণ হয়ে দাঁড়াচ্ছে। ব্লুমবার্গ-এর এক প্রতিবেদনে দাবি করা হয়েছে, চীনের প্রেসিডেন্ট শি জিনপিং ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে একটি ব্যক্তিগত চিঠি পাঠান, যা ভারতের সঙ্গে সম্পর্ক পুনর্গঠনের পরীক্ষামূলক পদক্ষেপ ছিল।

প্রতিবেদনে এক ভারতীয় সরকারি কর্মকর্তাকে উদ্ধৃত করে বলা হয়েছে, শি জিনপিং-এর সেই বার্তা দ্রুত পৌঁছে দেওয়া হয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কাছে। চিঠিতে শি আমেরিকা-ভারত সম্ভাব্য চুক্তি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন, যা বেইজিং-এর স্বার্থের ক্ষতি করতে পারে। একইসঙ্গে, তিনি একজন প্রাদেশিক নেতার নামও উল্লেখ করেন যিনি চীনের তরফে এই উদ্যোগকে নেতৃত্ব দেবেন।

ভারতীয় কূটনৈতিক মহল সূত্রে জানা যায়, এ বছরের জুন মাস থেকেই নয়াদিল্লি চীনা প্রস্তাবকে গুরুত্ব দিতে শুরু করে। তখনই ট্রাম্প প্রশাসন ভারতের উপরও নতুন শুল্ক আরোপের হুমকি দিয়েছিল। একই সময়ে ট্রাম্প



দাবি করেন, কাশ্মীরের পেহেলগামে সন্ত্রাসী হামলার পর ভারত-পাকিস্তানের মধ্যে যুদ্ধবিরতি নাকি তারই মধ্যস্থতায় হয়েছে।

ট্রাম্পের এই চাপের ফলে দিল্লি ও বেইজিং উভয়েই সিদ্ধান্ত নেয় ২০২০ সালের সীমান্ত সংঘাতের অধ্যায় পেরিয়ে এসে দ্বিপাক্ষিক সম্পর্ক নতুনভাবে সাজানোর। তার পর থেকেই দেখা যাচ্ছে ইতিবাচক পরিবর্তন। শিগগিরই ভারত-চীন সরাসরি যাত্রীবাহী বিমান পরিষেবা চালু হবে। চীন ভারতের জন্য ইউরিয়ার রপ্তানি শিথিল করেছে। অন্যদিকে ভারতও কয়েক বছর পর চীনা নাগরিকদের জন্য পর্যটক ভিসা পুনরায় চালু করেছে।

যে শুল্কনীতি দিয়ে ট্রাম্প বেইজিং ও দিল্লিকে একঘরে করতে চেয়েছিলেন, সেটাই উল্টো দুই এশীয় দেশকে কাছাকাছি এনেছে। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয় মার্চ মাসেই দিল্লিকে আহ্বান জানিয়েছিল আধিপত্যবাদ ও শক্তির রাজনীতির বিরুদ্ধে একসঙ্গে দাঁড়াতে। শি তখন বলেন, হাতি আর ড্রাগনের একসঙ্গে নাচাই একমাত্র সঠিক পথ। জুলাইয়ে চীনা সংবাদপত্র গ্লোবাল টাইমস তো আরও একধাপ এগিয়ে লিখেছিলো, এশিয়ার দুই বৃহৎ শক্তির একসঙ্গে ব্যালে নাচ এখন জরুরি।

সব মিলিয়ে নজর এখন সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশন (SCO)-এর আসন্ন সম্মেলনে। সাত বছরের বেশি সময় পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি যাচ্ছেন চীন সফরে, যেখানে শি জিনপিং-এর সঙ্গেও বৈঠক হওয়ার সম্ভাবনা রয়েছে। এই সম্মেলনই হবে ২০০১ সালে প্রতিষ্ঠার পর থেকে সবচেয়ে বড় বৈঠক।

চায়না-গ্লোবাল সাউথ প্রজেক্টের সম্পাদক এরিক ওল্যান্ডার বলেন, এই সম্মেলন শি জিনপিং-এর জন্য সুযোগ হয়ে উঠবে দেখানোর, যে আমেরিকা-নেতৃত্বাধীন আন্তর্জাতিক ব্যবস্থা ভেঙে যাচ্ছে। ট্রাম্প যেসব দেশকে চাপে রাখতে চাইছেন, চীন, ইরান, রাশিয়া, এমনকি ভারত তাদের মধ্যে সহযোগিতাই এখন নতুন বার্তা।

# ভারতীয় পরিবারগুলোকে তিন সন্তান নেওয়ার আহ্বান জানালেন আরএসএস প্রধান!



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভারতের জাতীয় স্বয়ংসেবক সংঘ (আরএসএস)-এর প্রধান মোহন ভাগবত দেশবাসীর উদ্দেশে আহ্বান জানিয়েছেন, প্রতিটি পরিবার যেন তিন সন্তানের জন্ম দেয়। তাঁর মতে, দেশের দীর্ঘমেয়াদি স্থিতিশীলতা ও উন্নয়নের জন্য একটি সুষম জনসংখ্যা অপরিহার্য।

আরএসএস-এর শতবর্ষ উদযাপন উপলক্ষে বৃহস্পতিবার নয়াদিল্লিতে আয়োজিত এক প্রশ্নোত্তর পর্বে ভাগবত বলেন, আমাদের দেশের জনসংখ্যা নীতি গড়ে ২.১ সন্তানের পরামর্শ দেয়। কিন্তু বাস্তবে ০.১ সন্তান সম্ভব নয়। তাই ২.১ মানেই ৩। প্রতিটি পরিবারে তিন সন্তান থাকা উচিত। তবে এর বেশি হওয়া উচিত নয়, কারণ সন্তানদের সঠিক শিক্ষা ও সুযোগ-সুবিধা দেওয়া জরুরি।

ভারতের জাতীয় জনসংখ্যা নীতি (এনপিপি) ২০০০ সালে 'দুই সন্তান নীতি'র মাধ্যমে প্রতিস্থাপনযোগ্য স্তরের জন্মহার (২.১) অর্জনের লক্ষ্য নিয়েছিল। ২০১১ সালের আদমশুমারিতে জন্মহার কমে দাঁড়ায় ২.২। কিন্তু জাতিসংঘের সর্বশেষ প্রতিবেদনে বলা হয়েছে, ভারতের মোট প্রজনন হার এখন ১.৯—যা প্রতিস্থাপন-স্তরের নিচে নেমে গেছে।

প্রতিবেদন অনুযায়ী, ভারতের

এরপর ৬ পাতায়


## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line - 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্তা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# ট্রাম্প ভয় পেয়েছেন, এখন ভারতের সঙ্গে সহাবস্থান চাইছেন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**দিল্লী:-** শুল্কযুদ্ধে ট্রাম্পের দাদাগিরি এবার বন্ধ হয়ে হয়েছে। কয়েকদিনের মধ্যেই সিঙ্গাপুরে মোদী পুতিন ও জিং পিয়াং আলোচনায় বসছেন। স্বাভাবিক কারণেই ট্রাম্পের দাদাগিরি এবার কমার ইঙ্গিত পাওয়া যাচ্ছে। আমেরিকার সঙ্গে বাণিজ্য চুক্তি না হওয়ায় প্রথম দফায় ২৫ শতাংশ, পরে রাশিয়ার থেকে তেল কেনার জন্য ভারতের উপর আরও ২৫ শতাংশের শুল্কবোঝা চাপান মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বুধবার থেকেই সেই শুল্কহার কার্যকর হয়েছে। এই পরিস্থিতিতে আচমকা সুর নরম করল আমেরিকা। বুধবার ট্রাম্প-ঘনিষ্ঠ হোয়াইট হাউস কর্তা তথা



মার্কিন ট্রেজারি সচিব স্কট বেসেন্ট বলেন, "আমরা ভারতের সঙ্গে শীঘ্রই সহবস্থানে আসব।" এক মার্কিন সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে স্কট বলেন, "লিবারেশন দিবসের পরেই ভারতের সঙ্গে শুল্ক নিয়ে আলোচনা শুরু হয়। আমি ভেবেছিলাম মে বা জুন মাসের মধ্যে দু'দেশের মধ্যে বাণিজ্যচুক্তি সম্পন্ন হয়ে যাবে। কিন্তু তা হয়নি। আমরা ভেবেছিলাম অন্যান্য দেশগুলির সঙ্গে চুক্তির আগেই ভারতের সঙ্গে আমাদের সমঝোতা হয়ে যাবে। আমার মনে হয়, রাশিয়া থেকে অপরিশোধিত তেল কিনে মুনাফা লাভের বিষয়টিকে নয়াদিল্লি বেশি প্রধান্য দিয়েছে।

উল্লেখ্য, মার্কিন শুল্কবাণের ভয়াবহ প্রভাব পড়েছে দেশীয় বাজারে। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে দেশের পোশাক উৎপাদন ক্ষেত্রগুলি। জানা যাচ্ছে, শুল্ককোপে দেশের একাধিক বড় শহরে বস্ত্র উৎপাদন কার্যত বন্ধ করে দেওয়া হয়েছে। ফেডারেশন অফ ইন্ডিয়ান এক্সপোর্ট অর্গানাইজেশনের সভাপতি এসসি রালহান বলেন, "বিপুল পরিমাণ এই শুল্ক চাপানোর জেরে তিরুপুর, নয়ডা, সুরাটের বস্ত্র উৎপাদন সংস্থাগুলি তাদের উৎপাদন বন্ধ করে দিয়েছে। এবার শঙ্কিত হয়েছেন আমেরিকার প্রেসিডেন্ট। এখন দেখার কবে তিনি ভারতের সঙ্গে আলোচনায় বসেন।

## ভারতীয় পরিবারগুলোকে তিন সন্তান নেওয়ার আহ্বান জানালেন আরএসএস প্রধান!

(৫ পাতার পর)

জনসংখ্যা ২০৪৫ সালে প্রায় ১৭০ কোটি ছুঁয়ে যাবে, তারপর থেকেই হ্রাস পেতে শুরু করবে।

ভাগবত জানান, শুধু হিন্দু সমাজেই নয় সব সম্প্রদায়ের মধ্যেই জন্মহার হ্রাস পাচ্ছে। তিনি বলেন, হিন্দুদের জন্মহার কিছুদিন ধরেই কমছে এবং এ প্রবণতা অব্যাহত রয়েছে। অন্য সম্প্রদায়েও একই সমস্যা দেখা যাচ্ছে, যদিও ততটা স্পষ্ট নয়। এটা প্রাকৃতিক প্রক্রিয়া, যখন সম্পদ সীমিত থাকে।

তাঁর মতে, এখন থেকেই প্রস্তুতি নিতে হবে ভবিষ্যতের প্রজন্মকে জনসংখ্যাগত পরিবর্তনের মোকাবিলা করার জন্য।

## ভারত আমাদের ডলার দিয়ে রুশ তেল কিনছে: ট্রাম্পের উপদেষ্টা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভারতীয় পণ্যের ওপর ৫০ শতাংশ শুল্ক আরোপের পেছনে কারণ হিসেবে রাশিয়ার সঙ্গে ভারতের ব্যবসায়িক সম্পর্ককে দায়ী করেছে যুক্তরাষ্ট্র। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বাণিজ্য উপদেষ্টা পিটার নাভারো অভিযোগ করেছেন—ভারত যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য থেকে আসা ডলার ব্যবহার করে রাশিয়ার কাছ থেকে সস্তায় অপরিশোধিত তেল কিনছে এবং তা শোধন করে আন্তর্জাতিক বাজারে বিক্রি করছে।

ভারতীয় সংবাদমাধ্যম টাইমস অব ইন্ডিয়া জানায়, নাভারোর দাবি—এইভাবে রাশিয়া বৈদেশিক মুদ্রা আয় করছে, যা ব্যয় হচ্ছে ইউক্রেন যুদ্ধে। তাঁর মতে, তাই ভারতীয় পণ্যে উচ্চ শুল্ক আরোপ একেবারেই ন্যায্য পদক্ষেপ।

নাভারোর পরিসংখ্যান অনুযায়ী, ইউক্রেন যুদ্ধের আগে ভারতের তেল আমদানিতে রাশিয়ার অংশ ছিল ১ শতাংশেরও কম। কিন্তু যুদ্ধের পর এই হার বেড়ে দাঁড়িয়েছে প্রায় ৩০ শতাংশে। নাভারোর অভিযোগ, ভারত শুধু নিজেদের প্রয়োজন মেটাতে নয়, বরং সস্তায় রুশ তেল কিনে চড়া দামে বিক্রি করার লোভেই আমদানি বাড়িয়েছে।

তিনি আরও বলেন, ভারত এখন কার্যত রাশিয়ার তেল শোধনাগার। প্রতিদিন দেশটি ১০ লাখ ব্যারেলের বেশি শোধিত পেট্রোলিয়াম রপ্তানি করছে, যা মূলত রাশিয়া থেকে আমদানি করা অপরিশোধিত তেলের অর্ধেকেরও বেশি।

যুক্তরাষ্ট্রের সঙ্গে ভারতের বাণিজ্য ঘাটতির প্রসঙ্গ টেনে নাভারো বলেন, "আমরা ইউক্রেনকে অস্ত্র দিই, আর ভারত রাশিয়াকে ব্যাংকরোল করে। ভারতীয় উচ্চ শুল্ক আমাদের রপ্তানিকারকদের ক্ষতিগ্রস্ত করছে। ভারতের সঙ্গে আমাদের বাণিজ্য ঘাটতি এখন ৫০ বিলিয়ন ডলার।"

গত বুধবার ব্লুমবার্গ টিভিকে দেওয়া সাক্ষাৎকারে নাভারো আরও কড়া মন্তব্য করেন। তিনি বলেন, "এটা শুধু পুতিনের যুদ্ধ নয়, এটা মোদির যুদ্ধ।" তাঁর দাবি অনুযায়ী, ভারতের রাশিয়া থেকে তেল কেনা সরাসরি মস্কোর যুদ্ধযন্ত্রকে শক্তিশালী করছে, অথচ এর খেসারত দিতে হচ্ছে আমেরিকার ভোক্তা, ব্যবসায়ী ও শ্রমিকদের।

ভারত অবশ্য এসব অভিযোগ অস্বীকার করেছে। দেশটির যুক্তি, ১.৪ বিলিয়ন মানুষের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে তারা যেখানে সবচেয়ে সস্তায় তেল পাবে, সেখান থেকেই কিনবে এবং রাশিয়া থেকেও কেনা অব্যাহত থাকবে।


# সিনেমার খবর

## ‘কামিনে’ নিয়ে আবেগে ভাসলেন প্রিয়াঙ্কা

স্টাফ রিপোর্টার, রোজদিন

বলিউড অভিনেত্রী প্রিয়াঙ্কা চোপড়ার ক্যারিয়ারের শুরুর দিকে ব্যবসাসফল সিনেমা ‘কামিনে’। বিশাল ভরদ্বাজ পরিচালিত এ ছবিতে শাহিদ কাপুর দ্বৈত চরিত্রে অভিনয় করেছিলেন। প্রিয়াঙ্কা সেখানে ছিলেন ‘সুইটি শেখর ভোপে’র চরিত্রে। এটি যে তার ক্যারিয়ারে টার্নিং পয়েন্ট সিনেমা তা প্রকাশ্যে জানিয়ে দিলেন তিনি।

গেল ১৪ আগস্ট ‘কামিনে’ সিনেমা মুক্তি ১৬ বছর পূর্ণ হয়েছে। এ উপলক্ষে ইনস্টাগ্রামে একগুচ্ছ ছবি ও ভিডিও শেয়ার করেছেন দেশি গার্ল। প্রথম ফ্রেমে দেখা যায় প্রিয়াঙ্কাকে তার চরিত্রে। এরপরের ভিডিওতে ধরা পড়ে শাহিদ ও প্রিয়াঙ্কার অনস্ক্রিন রসায়ন-খুশির মুহূর্ত থেকে শুরু করে আবেগঘন দৃশ্য।



কীভাবে তিনি ‘কামিনে’ ছবির জন্য নির্বাচিত হয়েছিলেন তাও জানান প্রিয়াঙ্কা। তিনি জানান, এটি তাঁর কাছে ছিল স্বপ্ন পূরণের মতো, কারণ বহুদিন ধরেই তিনি বিশাল ভরদ্বাজের সঙ্গে কাজ করতে চেয়েছিলেন।

তিনি লিখেছেন, ‘আমি তখন মিয়ামিতে তরুণ পরিচালনায় ‘দোস্তানা’ ছবির শুটিং করছিলাম। সহ-অভিনেতা ছিলেন অভিষেক বচ্চন ও জন আব্রাহাম। এক সন্ধ্যায় শুটিং শেষে দেখি বিশাল ভরদ্বাজের মিসড কল। আমি বিশ্বাসই করতে পারছিলাম না! সবসময় চেয়েছি তার সঙ্গে কাজ করতে কিন্তু তখনকার আমার ‘কমার্শিয়াল’ ইমেজের কারণে ভাবিনি যে তিনি আমাকে নেবেন।’

প্রিয়াঙ্কা লিখেছেন, “বিশাল ভরদ্বাজ সরাসরি মিয়ামি উড়ে এসেছিলেন। তিনি এসে আমাকে গল্পটি শোনালেন। আমি বললাম, ‘এই চরিত্রে তো মাত্র ৮টা দৃশ্য আছে।’ তখন তিনি বললেন, ‘আমাদের কাজ করলে এটি আরও অনেক বড় হয়ে উঠবে। ভরসা রাখো।’ আর আমি রেখেছিলাম।”

অভিনেত্রী জানান, বিশাল তাঁকে প্রতিশ্রুতি দিয়েছিলেন ‘কামিনে’ করার বিনিময়ে তিনি একদিন তাঁকে একটি অসাধারণ চরিত্রে নেবেন।

প্রিয়াঙ্কা বলেন, ‘সত্যি বলতে, আমি বিশাল ভরদ্বাজের সঙ্গে কাজ করার লোভ সামলাতে পারিনি।’

কৃতজ্ঞতা প্রকাশ করে প্রিয়াঙ্কা লিখেছেন, “কামেনি’ আমার ক্যারিয়ারের টার্নিং পয়েন্ট। বিশাল ভরদ্বাজের কাছ থেকে শিখেছি কীভাবে চরিত্রের জন্য গবেষণা করতে হয়, প্রস্তুতি নিতে হয় এবং তারপর নিজেকে চরিত্রের হাতে সমর্পণ করতে হয়। শাহিদ কাপুর ছিলেন দুর্দান্ত, তার দ্বৈত চরিত্র অসাধারণ।’

## মারা গেছেন সেই ‘থ্রি ইডিয়টস’খ্যাত অভিনেতা



স্টাফ রিপোর্টার, রোজদিন

বলিউড ও মারাঠি সিনেমার জনপ্রিয় অভিনেতা অচ্যুত পোতদার প্রয়াত। আমির খানের ব্লকবাস্টার ফিল্ম ‘থ্রি ইডিয়টস’-এ তাঁকে রাগী অধ্যাপকের ভূমিকায় দেখা গিয়েছিল। তাঁর অভিনীত সেই চরিত্র আজও দর্শকদের মনে বিশেষ জায়গা করে রয়েছে। এ অভিনেতা গতকাল সোমবার চিকিৎসাধীন অবস্থায় মারা যান। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯১ বছর।

ভারতীয় সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, দীর্ঘদিন ধরেই অসুস্থ ছিলেন অচ্যুত। এ অবস্থায় হঠাৎ মৃত্যু হলো তার। তবে সূত্রের খবর, দীর্ঘদিন ধরে বার্ধক্যজনিত কারণে অসুস্থতায় ভুগছিলেন তিনি। এ কারণে থানের জুপিটর হাসপাতালে ভর্তি ছিলেন এ প্রবীণ অভিনেতা।

এদিকে, এখনো এ দাপুটে অভিনেতার মৃত্যুর কারণ জানানো হয়নি। আজ মঙ্গলবার থানেতে শেষকৃত্য সম্পন্ন হওয়ার কথা রয়েছে অভিনেতা অচ্যুতের। আর তার মৃত্যুতে শোকের ছায়া নেমেছে ইন্ডাস্ট্রিতে।

উল্লেখ্য, ১৯৮০ সালের শেষ দিকে অভিনয়ে অভিষেক হয় অচ্যুতের। এর আগে দেশসেবায় নিয়োজিত রেখেছিলেন নিজেকে। ভারতীয় সেনাবাহিনীতে কর্মরত ছিলেন তিনি। তারপর ইন্ডিয়ান অয়েল সংস্থায়ও কাজ করেন। পরবর্তীতে টেলিভিশনের মাধ্যমে অভিনয়ে পা রাখা। তারপর আর পেছনে ফিরে তাকাতে হয়নি।


চলচ্চিত্র ক্যারিয়ারে ১২৫টি সিনেমায় অভিনয় করেছেন অচ্যুত। এর মধ্যে বলিউড ও মারাঠি ইন্ডাস্ট্রির সিনেমা উল্লেখযোগ্য। বলিউডে নির্মাতা বিধু বিনোদ চোপড়ার মাধ্যমে পরিচিতি লাভ করেন। তার সিনেমাতেই বেশি দেখা গেছে। এর মধ্যে অন্যতম ‘থ্রি ইডিয়টস’। এতে কলেজের শ্রেণিকক্ষে অভিনেতা আমির খানের উদ্দেশে তাকে বলতে শোনা যায়, ‘কেহেনা ক্যায়া চাহতে হো?’

## ভূত ও মানুষের ভয়ংকর লড়াইয়ের গল্প, জানুন কে ভূত কে মানুষ

স্টাফ রিপোর্টার, রোজদিন

সিনেমার নাম ‘থামা’, কিন্তু থেমে নেই এক মুহূর্তও। বলিউডে ম্যাডক ফিল্মসের ভুতুড়ে ব্রহ্মাণ্ডে নতুন সংযোজন এই ছবি। পরিচালক আদিত্য সরপোতদারের হাত ধরে এবার বড় পর্দায় আসছে ভ্যাম্পায়ার-ভিত্তিক এক প্রেমের গল্প। ভূত ও মানুষের সহাবস্থানের ভয়ঙ্কর লড়াই এবার আরও তীব্রভাবে দেখানো হবে সিনেমাটিতে। সম্প্রতি মুক্তি পেয়েছে ছবিটির টিজার, যা প্রকাশের পরই দর্শকদের আগ্রহ বাড়িয়েছে বহুগুণ।

সিনেমাটির মূল চরিত্রে অভিনয় করেছেন আয়ুষ্মান খুরানা ও রাশমিকা মান্দানা। আয়ুষ্মানকে দেখা যাবে অলোক নামের এক যুবকের চরিত্রে, যিনি মানুষের মধ্যে শেষ আশার আলো জ্বালিয়ে রাখতে লড়াই করেন। অপরদিকে রাশমিকা হাজির হবেন




‘তারকা’ চরিত্রে, যিনি সাধারণ নারী নন—অতিপ্রাকৃত শক্তির অধিকারিণী। তাদের প্রেমকাহিনিই গল্পের কেন্দ্রবিন্দু, তবে সেই ভালোবাসা রক্তপিপাসু রূপ ধারণ করে ভিন্ন মাত্রা পেয়েছে।

অন্ধকারের বাদশা ‘ইয়াকশন’ চরিত্রে অভিনয় করেছেন নওয়াজউদ্দিন সিদ্দিকি। টিজারে তার উপস্থিতি দর্শকদের কৌতূহল আরও বাড়িয়েছে। কৌতুকরসে পর্দায় আসবেন অভিজ্ঞ অভিনেতা পরেশ রাওয়াল, যিনি মিস্টার রাম বজাজ গোয়েলের ভূমিকায় রঙ্গ-রস যোগ করবেন গল্পে। টিজারে আরও দেখা গেছে মালাইকা অরোরার আইটেম গান, যা সিনেমাটিকে করেছে আরও মশলাদার।

চলচ্চিত্রটি পরিচালনা করেছেন আদিত্য সরপোতদার। প্রযোজনা করেছেন দীনেশ ভিজান। শুধু তাই নয়, এই ছবিতে থাকবে আরও একটি বিশেষ চমক—ম্যাডক ফিল্মসের ভুতুড়ে ফ্র্যাঞ্চাইজির অন্য সব ছবির চরিত্রের উপস্থিতি। অর্থাৎ ‘স্ত্রী’, ‘মুঞ্জিয়া’ কিংবা ‘ভেড়িয়া’র মতো চরিত্রগুলো একসঙ্গে হাজির হবে ‘থামা’য়।

এর আগে ‘স্ত্রী ২’-এ ‘ভেড়িয়া’কে যুক্ত করে ভুতুড়ে ব্রহ্মাণ্ড তৈরির চেষ্টা করেছিল ম্যাডক ফিল্মস, যদিও সেটি প্রত্যাশা পূরণ করতে পারেনি। তবে এবারের দীপাবলি মৌসুমে মুক্তি পেতে চলা ‘থামা’ সেই ঘাটতি পুষিয়ে দেবে কি না, তা নিয়েই এখন বলিউডে জল্পনা তুঙ্গে।

# বর্ণবাদ রুখতে কঠিন শাস্তির পক্ষে রুনি

স্টাফ রিপোর্টার, রোজদিন



ফুটবলের নতুন মৌসুম শুরু হতেই মাথাচাড়া দিয়েছে বর্ণবাদ। মৌসুমের প্রথম সপ্তাহেই এমন দুইটি অপ্রীতিকর ঘটনা ঘটেছে। এর থেকে নিস্তার পেতে সংশ্লিষ্ট ক্লাবের পয়েন্ট কেটে নেওয়ার মতো কঠিন শাস্তির নিয়ম করা ছাড়া আর কোনও উপায় দেখছেন না ওয়েইন রুনি।

সাবেক ইংল্যান্ড অধিনায়ক ও তারকা স্ট্রাইকার বিবিসি পডকাস্টে বিষয়টি নিয়ে আলাপকালে দুঃখজনক একটি ঘটনাও তুলে ধরলেন, যা ফুটিয়ে তোলে বর্ণবাদের শিকার হওয়া ব্যক্তির ভীষণ কষ্টের দিক। খেলোয়াড়ী জীবনের ইতি টেনে কোচিংয়ে নাম লেখান রুনি। ২০২২-২৩ মৌসুমে তিনি দায়িত্বে ছিলেন যুক্তরাষ্ট্রের ক্লাব ডিসি ইউনাইটেডের। ওই সময় তার এক খেলোয়াড় বর্ণবাদের শিকার হয়ে কান্নায় ভেঙে পড়েছিলেন।

রুনি জানান, "এমন কিছুর সাক্ষী আমি হয়েছিলাম ডিসিতে, আমার এক খেলোয়াড় বর্ণবাদের শিকার হয়ে আমার বুকে মাথা রেখে কান্না করেছিল। সে আমার বুকে মাথা রেখে কান্না করছিল আর আমি তাকে আঁকড়ে ধরে ছিলাম। আমার মনে হয় না, মানুষ এর গুরুত্ব অনুধাবন করতে পারে-অনেকে বলে, কোনোকিছু না ভেবেই ওরা এগুলো বলে থাকে...কিন্তু এগুলো মানুষকে কষ্ট দেয়। বিষয়টা সবার জানতে ও বুঝতে হবে, আর এগুলো বন্ধ করতে আরও বেশি কিছু করতে হবে।"

গত সপ্তাহে উয়েফা সুপার কাপে পিএসজির বিপক্ষে টাইব্রেকারে ৪-৩ গোলে হারের ম্যাচে পেনাল্টি থেকে জালে বল পাঠাতে ব্যর্থ হন টটেনহ্যামের মাথিয়াস তেল, এরপর অনলাইনে তার উদ্দেশ্যে আপত্তিকর মন্তব্য করা হয়। আর এবারের প্রিমিয়ার লিগের অভিষেক ম্যাচে অ্যানফিল্ডে দর্শকদের মধ্যে থেকে বোর্নমাউথের এন্টোয়ান সেমেনিওকে লক্ষ্য করে বর্ণবাদী মন্তব্য করা হয়, এজন্য খেলা কিছুক্ষণ বন্ধও থাকে। ম্যাচটি ৪-২ গোলে জেতে স্বাগতিক লিভারপুল।

ফুটবলে বর্ণবাদের মতো জঘণ্য সব ঘটনা বন্ধ করতে এর আগে নানা পদক্ষেপ নেওয়া হয়েছে। কিন্তু তা সেভাবে কাজে আসেনি, দিনে দিনে বরং বেড়েই চলেছে। এজনই এবার আরও কঠিন পদক্ষেপ নেওয়ার পরামর্শ সাবেক ম্যানচেস্টার ইউনাইটেড অধিনায়ক।

রুনি বলেন, "সমাজে এ বিষয়ে জোরাল প্রচারণা চালাতে হবে-শিশু, বাবা-মা, সবার মাঝে। সবাইকে এ বিষয়ে সজাগ করার জন্য। (দায়ী ব্যক্তির সঙ্গে সংশ্লিষ্ট) ক্লাবটিকে আঘাত করতে হবে, কারণ, এগুলো বন্ধ করার এটাই একমাত্র পথ। এড়িয়ে গেলে সমর্থকরা আবার এসব করবে। পয়েন্ট কেটে নিয়ে ওই ক্লাবকে আঘাত করতে হবে অথবা তাদেরকে আর্থিক জরিমানা করতে হবে। অন্যথায়, এসব চলতেই থাকবে।"

## এচেভেরিকে ধারে লেভারকুসেনে পাঠাল ম্যানসিটি



স্টাফ রিপোর্টার, রোজদিন

আর্জেন্টিনার ফুটবলে তাকে বলা হয় 'নতুন মেসি'। বয়সভিত্তিক বিশ্বকাপে চমক দেখানো ক্লদিও এচেভেরিকে বড় আশা নিয়ে দলে টেনেছিল ম্যানচেস্টার সিটি। কিন্তু তরুণ এই তারকাকে নিয়মিত ম্যাচ খেলার সুযোগ করে দিতে এক মৌসুমের জন্য জার্মান ক্লাব বায়ার লেভারকুসেনের কাছে ধারে ছেড়ে দিয়েছে ইংলিশ চ্যাম্পিয়নরা।

২০২৪ সালের জানুয়ারিতে রিভার প্লেট থেকে সিটিতে যোগ দেন ১৯ বছর বয়সী এই অ্যাটাকিং মিডফিল্ডার। ক্লাব বিশ্বকাপে সিটির হয়ে গোল করার পর আলোচনায় আসেন তিনি। তবে কোচ পেপ গার্দিওলা মনে করছেন, এচেভেরির উন্নতির জন্য ধারাবাহিকভাবে ম্যাচ খেলা জরুরি, তবে সিটিতে তার পক্ষে সম্ভব নয়।

ইএসপিএন জানিয়েছে, বায়ার লেভারকুসেনের সঙ্গে এক বছরের চুক্তিতে ধারে খেলবেন এচেভেরি। এই চুক্তিতে কোনো 'বাই অপশন' বা স্থায়ীভাবে কেনার শর্ত রাখা হয়নি, অর্থাৎ মৌসুম শেষে তিনি আবারও ম্যানসিটিতে ফিরবেন।

এচেভেরি ছাড়াও চলতি দলবদলে আরও কয়েকজন তরুণ ফুটবলারকে ধারে ছেড়েছে ম্যানসিটি। নটিংহ্যাম ফরেস্টে গেছেন ম্যাকএকিটি, অন্যদিকে জ্যাক গ্রিলিশও সিটি ছেড়েছেন ধারে।

## সুপার কাপের ফাইনালে রোনালদোর আল নাসর, বিদায় বেনজেমার ইত্তিহাদ

স্টাফ রিপোর্টার, রোজদিন



টানা দ্বিতীয়বারের মতো সৌদি সুপার কাপের ফাইনালে জায়গা করে নিল ক্রিশ্চিয়ানো রোনালদোর ক্লাব আল নাসর। তবে এবারও কি অপেক্ষার অবসান ঘটিয়ে শিরোপা ঘরে তুলতে পারবে তারা?

হংকং স্টেডিয়ামে অনুষ্ঠিত সেমিফাইনালে করিম বেনজেমার নেতৃত্বাধীন আল ইত্তিহাদকে ২-১ গোলে হারিয়ে ফাইনালে উঠেছে আল নাসর। ম্যাচের নায়ক ছিলেন সাদিও মানে ও জোয়াও ফেলিক্স দুজনই করেন একটি করে গোল। তবে গোল করার পরপরই লাল কার্ড দেখে মাঠ ছাড়েন সাদিও মানে, ফলে প্রায় ৭০ মিনিট ১০ জনের দল নিয়ে খেলতে হয়েছে রোনালদোর দলকে।

ম্যাচের ১০তম মিনিটেই আল নাসরকে এগিয়ে দেন মানে। তবে তার ছয় মিনিট পরেই গোল করে আল ইত্তিহাদকে সমতায় ফেরান স্টিভেন বার্গুইন। এরপর ২৫ মিনিটে মানে লাল কার্ড দেখলে রক্ষণে মনোযোগী হয় আল নাসর।

এরপরও ৬১তম মিনিটে কাউন্টার অ্যাটাক থেকে গোল করেন ফেলিক্স, রোনালদোর পাস পেয়ে আলতো ছোঁয়ায় বল জড়ান ইত্তিহাদের জালে। যদিও দ্বিতীয়ার্ধে ফেলিক্স আরেকটি গোল করলেও ভিএআরের সিদ্ধান্তে সেটি বাতিল হয়।

মাঠে সংখ্যায় কম থাকলেও পরিসংখ্যানে এগিয়ে ছিল আল নাসর। ইত্তিহাদের ৬৫% বল দখলের বিপরীতে মাত্র ৩৫% বল দখলে রেখেও আল নাসর নেয় ১৫টি শট, যার মধ্যে দুইটি ছিল সফল। ইত্তিহাদ ১০টি শট নিলেও সফলতা পায় একটিতে।

সেমিফাইনালের অন্য ম্যাচে আজ সন্ধ্যায় আল আহলি ও আল কাদেসিয়া মুখোমুখি হবে। সেখান থেকেই নির্ধারিত হবে ফাইনালে আল নাসরের প্রতিপক্ষ।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR